

উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী  
স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান মহোদয়ের অফিস কক্ষ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ  
তারিখ : ১৪/১২/২০২১ খ্রি: সময় : সকার ১২.০০ ঘটিকা ।

অদ্য ১৪/১২/২০২১ তারিখ দুপুর ১২.০০ ঘটিকায় উপজেলা মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভা উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, আড়াইহাজার, নারায়ণগঞ্জ মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয় । উক্ত সভায় সভাপতিত্ব করেন বর্ণা রহমান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের স্বাক্ষর পরিশিষ্ট "ক"-তে দৃষ্টব্য ।

সভাপতি মহোদয় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন এবং আলোচ্যসূচী সভায় উপস্থাপন করার জন্য সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করেন ।

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও আলোচনা ।
- ২। ১ জানুয়ারি-২০২২ বই উৎসব পালন প্রসঙ্গে ।
- ৩। বিবিধ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় অবহিত করেন যে, ০১। ১ জানুয়ারি ২০২২ বিনামূল্যের পাঠ্যপুস্তক উৎসব উদযাপনের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় । প্রতিষ্ঠান প্রধানগণ স্ব-স্ব প্রতিষ্ঠানে নিরাপত্তায় ও যত্নসহকারে বই সংরক্ষণ করে ১ জানুয়ারি-২০২২ ছাত্র-ছাত্রীদের মাঝে বই বিতরণের যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ।

২নং আলোচনা ও সিদ্ধান্ত :

স্বধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ডিজিটাল বাংলাদেশ গড়ার বিনিমার্শে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের হাতে প্রতিবছরের মত এই বছরও আলহাজ্ব নজরুল ইসলাম বাবু, মাননীয় জাতীয় সদস্য সংসদ, নারায়ণগঞ্জ -২, উপজেলা চেয়ারম্যান, বিশিষ্ট চিকিৎসক, উপজেলা ভাইস চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, কাউন্সিলার, ম্যানেজিং কমিটির সভাপতি ও গণ্যমান্যদের সম্মুখে ১ জানুয়ারি/২০২২ বই উৎসব পালনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ জানান ।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সবার কাজ সমাপ্তি ঘোষণা করেন ।



(বর্ণা রহমান)

সভাপতি

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি

ও

উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ

তারিখ: ১৪/১২/২০২১ খ্রি:

স্মারকনং-উমাশিঅ/আড়াই/নারা/শিক্ষা স্থায়ী কমিটি-২৫৮/২১/২৮৩

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

- ১। জনাব আলহাজ্ব নজরুল ইসলাম বাবু, মাননীয় জাতীয় সংসদ সদস্য, নারায়ণগঞ্জ -২
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৪। উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি, উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ
- ৫। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটের ( ইউডিএফ), আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।
- ৬। অফিস কপি ।



( কে এম আলোমগীর

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ও

সদস্য সচিব

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটি

আড়াইহাজার, নারায়ণগঞ্জ ।